
# আরাধানার সময় বিশ্বাসীদের ব্যবহারিক উপায় শিক্ষা দিন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ P7b পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ''প্রভু, যীশু এবং প্রেরিতদের মত পদ্ধতিতে কাজ করার বিষয় শিক্ষা দিতে আমাদের সাহায্য কর।''

বর্তমান প্রয়োজন ও স্থানীয় প্রথার সঙ্গে মানানসই কার্যকলাপ মনোনীত করুন।

**১. নতুন নিয়মের চাহিদা অনুসারে শিক্ষা দিতে প্রস্তুত হন।**



**ইব্রীয় ৪ঃ১২ পদে খুঁজে দেখুন,** ঈশ্বর কিভাবে তাঁর বাক্যকে খড়্গের সঙ্গে তুলনা করেছিলেন।

**মথি ১৩ অধ্যায়ে** শিক্ষাদানের নির্দেশাবলীর বিষয় শিখুন।

**১-২ পদে খুঁজে দেখুন,** যীশু কি শিক্ষাদানের জন্য পুলপিটের পশ্চাতে দাঁড়িয়ে ছিলেন।

(উত্তর ঃ যীশু প্রায়ই বসে শিক্ষা দিতেন। কখনও কখনও তিনি নৌকায় বসে শিক্ষা দিতেন। যেখানে লোকেরা থাকত, তিনি সেখানে শিক্ষা দিতেন, শ্রেণী কক্ষে নয়। তাঁর শিষ্যরা তাঁর যাজকীয় দক্ষতাকে এমনভাবে আদর্শ করেছিলেন যা তাঁরা খুব সহজেই অনুকরণ করতে পারেন। উত্তম শিক্ষকগণ একইভাবে শিক্ষা দেন।)

**৩-৯ এবং ৩৪-৪৫ পদে খুঁজে দেখুন,** জনতার যীশুর শিক্ষা দানের পদ্ধতি।

(উত্তর ঃ যীশু গল্পের মাধ্যমে ঈশ্বরের সত্যগুলো ব্যাখ্যা করতেন। লোকেরা খুব সহজেই গল্পগুলো মনে রাখতে পারে এবং অন্যদের বলতে পারে। এছাড়াও যীশু জনতাকে আলোচনায় অংশগ্রহন করতে বলতেন না। উত্তম শিক্ষক নতুন বিশ্বাসীদের প্রস্তুত না হওয়া পর্য্যন্ত কথা বলতে অনুরোধ করতেন না।)


**১০-১১ এবং ৩৬ পদে খুঁজে দেখুন,** যীশুর শিষ্যদের শিক্ষাদানের পদ্ধতি।

(উত্তর ঃ যীশু শিষ্যদের প্রশ্ন মন দিয়ে শুনতেন এবং সেই বিষয়ে কথা বলতেন। এছাড়াও, তিনি দলের পরিমান এবং আত্মিক পরিপক্কতা অনুসারে প্রক্রিয়া আরোপ করতেন।)



**মনে রাখানর জন্য ঃ** একজনকেই সব কথা বলতে দেওয়ার বিষয়টি এড়িয়ে যাবেন। নতুনদল ও নেতাদের ক্ষেত্রে পুলপিট বক্তৃতা মানানসই হয় না। তারাই যদি সব বলতে থাকে তবে দিয়াবল তাদের গর্বিত করে এবং তারা বিশ্বাসীদের তিরস্কার করে ও নিরুৎসাহিত করে। নতুন নিয়ম ৩৮ টি পারস্পরিক কার্য দিয়েছে। অনেকগুলো কার্যাবলী বহুবার পুণরাবৃত্ত হয়েছে। যে কার্যাবলীর অন্তর্ভূক্ত হল পরস্পর সহভাগিতা, ক্ষমা ত্রুটি স্বীকার, সংশোধন এবং পরস্পরকে উপদেশ দান। কেবলমাত্র ক্ষুদ্র দলেই এই সকল পারস্পরিক কাজগুলো উত্তমরূপে সম্পন্ন হওয়া সম্ভব।

**১২-১৭ পদে খুঁজে দেখুন,** যারা বাক্য শুনছেন, পবিত্র আত্মা তাদের মধ্যে একই প্রভাব তৈরী করেন কি না।




**১৮-২৩ পদে খুঁজে দেখুন,** একটি কৃষকের ক্ষেত্রে বীজবপন সম্পর্কিত যীশুর গল্পটির অর্থ।

(ঈশ্বরকে আমাদের হৃদয়ে তাঁর বাক্যের মূল বিস্তার করতে দিন এবং পবিত্র আত্মাকে এর দ্বারা ফল বহন করতে দিন।)

**২৪-৩০ এবং ৩৭-৪৩ পদে খুঁজে দেখুন,** সত্য শিক্ষার প্রভেদ নির্ণয় করার জন্য আত্মাকর্তৃক আমাদের প্রজ্ঞাদান করা উচিৎ কেন।

**৩১-৩৩ পদে খুঁজে দেখুন,** সামান্য শিক্ষা কি পরিমান লাভ আনতে পারে।

**৪৪-৫০ পদে খুঁজে দেখুন,** প্রত্যাখান না করে ঈশ্বরের বাক্য গ্রহন, কত ফল আনতে পারে।

**৫২ পদে খুঁজে দেখুন,** শিক্ষকদের বিভিন্ন উপকরণ ব্যবহার করা উচিৎ কি না।

(উত্তর ঃ যীশু বিদ্যালয়ের মত বৈশ্লেষিক পদ্ধতি ব্যবহার করেন নি যা একটি পরিচ্ছন্ন তালিকার মতবাদের বিষয়গুলোকে আংশিকভাবে দফায় দফায় উপস্থাপন করে। যীশু পুরাতন ও নতুন নিয়ম থেকে ইতিহাস ও জীবন থেকে বিভিন্ন বিষয়গুলো এনে একত্রিত করেছিলেন। আমরা যখন সমস্ত বিষয়গুলোকে একত্রিত করে একটি ছবিরূপে দেখতে পাই, তখন আমরা ঈশ্বরকে এবং তাঁর সত্যগুলোকে আরও উত্তমরূপে উপলব্ধি করতে পারি। ঈশ্বরকে তাঁর গুনাবলী এবং কাজের ভিত্তিতে বিচ্ছিন্নভাবে তালিকাভুক্ত করার বিষয়টি অপেক্ষা তিনি অনেক বেশী কার্যকরী, জীবন পরিবর্তনশীল এবং আমাদের হৃদয়ের অনেক বেশী ঘনিষ্ঠ। এটা অনেকটা একজন শিল্পীর চিত্রকলাকে তাঁর রঙের রাসায়নিক বিশ্লেষণকারী প্রস্তুতির দ্বারা প্রশংসিত করার চেষ্টার মত বিষয়।)

**৫১-৫২ পদে খুঁজে দেখুন,** যীশু কিভাবে নিশ্চিত হতেন যে লোকেরা তাঁর শিক্ষা ব্যবহার করছে।

(যীশু প্রশ্ন করতেন। যীশু এবং তাঁর শিষ্যরা লোকদের উপলব্ধির বিষয় পরীক্ষা করার জন্য শ্রোতাদের সঙ্গে কথা বলতেন। উত্তম শিক্ষক শিক্ষার বিষয় নিয়ে আলোচনা করতে বিশ্বাসীদের সাহায্য করেন এবং ইহা প্রয়োগের জন্য পরিকল্পনা করেন।)

বাইবেলের আলোচনার প্রশ্নাবলী জিজ্ঞাসার দ্বারা বাইবেল পাঠ্য বিষয় আলোচনা করতে সাহায্য করুন ঃ

১) পাঠাংশটির কোন্ বিষয়টি আপনার পছন্দ?

২) এ বিষয়ে আপনার কি কি প্রশ্ন আছে?

৩) আপনি এর মধ্যে কি প্রতিজ্ঞা অথবা আদেশ খুঁজে পেয়েছেন?

৪) এটা প্রয়োগ করার জন্য আমরা কি করার পরিকল্পনা করব?

**ইফিতীয় ৪ঃ১১-১৬** পদে শিক্ষা দানের উদ্দেশে শিখুন ঃ

**১১-১২ পদ খুঁজে দেখুন,** উত্তম শিক্ষার ফল হিসাবে কার দলের পরিচর্যা করা উচিৎ।

**১৩-১৬ পদে খুঁজে দেখুন,** উত্তম শিক্ষার ফলে কি কি ঘটে। এছাড়াও খুঁজে দেখুন, অন্যান্য কার্যকলাপের সঙ্গে কি কি ভাবে শিক্ষা দেবেন, যা ঈশ্বরের মন্ডলীর জন্য প্রয়োজনীয়।

**২. আগামী সপ্তাহের কার্যাবলীর বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন ঃ**

নতুন শিক্ষকদের প্রশিক্ষণ দিন। ওপরে তালিকাভুক্ত নির্দেশ অনুসারে অগ্রসর হন। আরাধনার সময় এবং ঘরে তাদের শিক্ষা দিতে সাহায্য করুন।

নতুন উপাসক মন্ডলীর যে কর্মীদের আপনি পরামর্শ দেন তাদের এই নির্দেশগুলো অনুসরণ করতে সাহায্য করুন।

লোকদের গৃহ পরিদর্শন করুন, তাদের প্রয়োজন এবং প্রশ্নাবলী খুঁজে দেখুন, যাতে আপনি তাদের শিক্ষা দিতে পারেন।

**৩. আগামী আরাধনার সময় কি কি কাজ করতে হবে সে বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

ঈশ্বরের বাক্য কিভাবে খড়্গের তুল্য তা ব্যাখ্যা করুন (ইব্রীয় ৪ঃ১২)

আপনি মথি ১৩ অধ্যায় শিক্ষাদানের বিষয় যে সকল নির্দেশাবলী খুঁজে পেয়েছেন তা ব্যাখ্যা করুন।

মথি ১৩ অধ্যায়ের দু-একটি নীতি গল্প বলুন অথবা পাঠ করুন, তারপর লোকদের বাইবেলের অনুচ্ছেদ নিয়ে আলোচনা করতে সাহায্যের জন্য ওপরের তালিকাভুক্ত চারটি প্রশ্ন জিজ্ঞাসা করুন।

শিশুরা যা কিছু প্রস্তুত করেছেন তা শিশুদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজ সম্পাদনের পূর্বে রাজা শলোমন কর্তৃক মন্দির উৎসর্গের বিষয়ে ১ রাজা ৮ঃ১০-১৩ অংশটি পাঠ করুন। ব্যাখ্যা করুন, আমরা খ্রীষ্টানরা ঈশ্বরের মন্দির, কারণ তাঁর পবিত্র আত্মা আমাদের মধ্যে বাস করেন।(১ করি ৩ঃ১৬)

যারা তাদের পরিবারে বা অন্যলোকদের ঘরে ঈশ্বরের বাক্য শিক্ষা দেন, তাদেরকে বলতে বলুন যে ঈশ্বর কিভাবে তাদের জীবন রূপান্তরিত করেছিলেন।

কলসীয় ৩ঃ১৬ পদটি একসাথে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net